JUL 15 2002

দৈনিক সংবাদ

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# ইউরোপীয় কমিশনের নতুন শিক্ষা কর্মসূচি এশিয়া লিংক

ইউরোপীয় কমিশন উচ্চশিক্ষা এবং চাকরি বাজারের মধ্যে সম্পর্কের উন্নয়নের লক্ষ্যে 'এশিয়া লিংক' শীর্ষক একটি নয়া শিক্ষা কর্মসূচি গ্রহণ করেছে। ইউএনবি।

আসছে দশকে এশিয়ার সঙ্গে সম্পর্কের উন্নয়নে ইউরোপীয় ইউনিয়নের অগ্রাধিকারের ওপর গুরুত্বারোপ করে রোববার ঢাকায় এশিয়া লিংকের ওপর একটি তথ্য অধিবেশন হয়। এতে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি অংশ নেন।

এশিয়া লিংক কর্মসূচি ইউরোপীয় ইউনিয়ন ও এশিয়ার বিভিন্ন দেশের মধ্যে প্রাতিষ্ঠানিক, গবেষণা ও ছাত্র বিনিময়ে হার বাড়ানোর মাধ্যমে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে সহযোগিতা বাড়াবে। এটি অর্থনৈতিক উন্নয়নে সহযোগিতামূলক বিভিন্ন ক্ষেত্র যেমন অর্থনীতি, ব্যবস্থাপনা, প্রকৌশল, স্বাস্থ্য, পর্যটন, টেকসই উন্নয়ন এবং আরও অনেক বিষয়ে যোগাযোগ স্থাপন করবে।

এ কর্মসূচি বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন কোর্স চালু করতেও সাহায্য করবে, যা অর্থনৈতিক উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ বিভিন্ন ক্ষেত্রে কর্মসংস্থান পেতে তরুণ-তরুণীদের সুযোগ এনে দেবে।




ইউরোপীয় কমিশন নতুন শিক্ষা কর্মসূচি এশিয়া লিঙ্ক সম্পর্কে রোববার এক সেমিনারের আয়োজন করে।